



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখঃ

বিষয়ঃ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৩-০৭-২০১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২৯১ নং স্মারক পত্র।

খ) অধ্যক্ষ মহোদয়ের ০৯-০৩-২০১৭ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং-৯৯৪৪) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন আতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে ১(এক) বছরের জন্য সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণির পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী):

আবশ্যিক বিষয় সমূহ (সকল বিভাগের জন্য)	নৈর্ব্যাপক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক' ওছ হতে ৩টি	যে কোন একটি

মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা শাখা
১। কৃষি শিক্ষা ২। পৌরনীতি ও সুশাসন ৩। অর্থনীতি ৪। সমাজ বিজ্ঞান	১। পদার্থ বিজ্ঞান ২। রসায়ন বিজ্ঞান ৩। জীব বিজ্ঞান ৪। উচ্চতর গণিত	১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৪। ফিন্যান্স ব্যাংকিং বিমা

আরোপিত শর্ত সমূহঃ

- অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতনভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ব্যক্তি নামে নামকরণের জন্য ৬,০০,০০০/- টাকা সংরক্ষিত তহবিলে জেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষক/সভাপতির যৌথ স্বাক্ষরে রাখতে হবে। এ টাকা প্রতিষ্ঠানের স্থায়ীভাবে জমা থাকবে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
- একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক) বছরের জন্য অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গন্য করা যাবে না।
- প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- লাইব্রেরীতে কমপক্ষে ২১০০(দুই হাজার এক শত) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- দশম শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।
- বোর্ডের ওয়েবসাইড হতে সকল প্রকার তথ্য ও বিস্তারিত জানতে হবে।

অধ্যক্ষ

কমরেড রতন সেন কলেজিয়েট গার্লস স্কুল

ডাক: আজগড়া, রূপসা, খুলনা।

স্মারক নং -ক/অ/ ২৫৯ (১১) / (২-২১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

- সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, খুলনা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।
- সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সংরক্ষণ নথি।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন ৪০৪২১-৬৮৬৩৮

তারিখঃ ০৯/৪/২০১৭

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

০৯/৪/১৭